



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

শীতাত্তদের পাশে জবি রোভার স্কাউট গ্রুপ



‘লোকে যদি কষ্ট পায় মাঘের শীতে, আমার উষ্ণতায় তৃপ্তি পাবো কিসে?’-স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ উদ্যোগে বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচি ১৮ জানুয়ারি-২০১৮, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, রোভারের বিভিন্ন ইউনিটের আর.এস.এলবন্দ ও অন্যান্য রোভাররা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এই কর্মসূচির আওতায় প্রায় পাঁচশতাধিক শীতাত্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হবে।

কর্মসূচির উদ্বোধন শেষে, বিশ্ব স্কাউট আন্দোলনের সক্রিয় সদস্য হিসেবে একযুগ অতিবাহিত করায় জবি রোভার স্কাউটের সিনিয়র রোভার মেট ও জবি রোভার-ইন-কাউন্সিলের ট্রেনিং সম্পাদক রোভার মো. এনামুল হাসান কাওছারকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।